

তথ্যবিবরণী

নম্বর-১৩১

ময়মনসিংহে যানজট নিরসনে সিটি কর্পোরেশনের দৃশ্যমান কার্যক্রম বাস্তবায়নের অনুরোধ বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভায়

ময়মনসিংহ, (মঙ্গলবার, ২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.)

ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় যানজট নিরসনের লক্ষ্যে সিটি কর্পোরেশন ও জেলা প্রশাসনের যৌথ কার্যকর ভূমিকা রাখার অনুরোধ করা হয় বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভায়। সভায় উল্লেখ করা হয় যানজটের কারণে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় স্বাভাবিকের চেয়ে দু’তিনগুণ সময় বেশি ব্যয় হচ্ছে, মানুষের কর্মঘণ্টা নষ্ট হচ্ছে, সময়মতো নির্ধারিত স্থানে পৌঁছতে পারছে না।

মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভায় ময়মনসিংহ বিভাগীয় কর্মকর্তারা এমন মন্তব্য করেন। সভায় সভাপতিত্ব করেন বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া। বিভাগীয় পর্যায়ের কর্মকর্তারা সভায় উপস্থিত ছিলেন।

এ সময় বলা হয়, শহরের যানজট নিরসনে ফুটপাথ দখলমুক্ত এবং অবৈধ পার্কিং বন্ধ করতে হবে। এছাড়া সিএনজি, অটোরিকশা, রিক্সা চলাচলে সুষ্ঠু সমন্বিত পরিকল্পনা গ্রহণ করতে হবে। শহরের গুরুত্বপূর্ণ মোড়সমূহ, শুল্কগঞ্জ থেকে ব্রিজ এবং শহরের সকল ফুটপাথ ও অবৈধ স্থাপনা উচ্ছেদ করতে হবে। একই সাথে নগরের জয়নুল আবেদিন পার্কে অবৈধ ফুটকোর্ট উচ্ছেদে ময়মনসিংহ জেলা প্রশাসন ও সিটি কর্পোরেশনকে দৃশ্যমান কার্যকর ভূমিকা পালন করতে হবে। ময়মনসিংহ সিটির জন্য কি পরিমাণ অটোরিক্সা প্রয়োজন আর কি পরিমাণ অটোরিক্সা আছে তার তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের অনুরোধ করা হয়। যানজটের পরিকল্পিত নিয়ন্ত্রণের জন্য সিটি কর্পোরেশনকে স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রস্তাব উপস্থাপনের জন্যও অনুরোধ করা হয়। এছাড়াও বিভাগীয় কমিশনার শহরের মশক নিধানসহ পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করতে সকল প্রতিষ্ঠান কর্তৃক নিজ নিজ দপ্তর আঞ্জিনা পরিষ্কার -পরিচ্ছন্ন রাখতে আহ্বান জানান।

ময়মনসিংহ সড়ক ও জনপদ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মোঃ শওকত আলী বলেন, কেওয়াটখালী ও রহমতপুর সেতু নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা চলমান রয়েছে। ভূমি অধিগ্রহণের কার্যক্রম দ্রুত সম্পন্নে সকলের সহযোগিতা চান তিনি। ত্রিশাল-ভালুকা-ঢাকামুখী রাস্তার কাজ জুনের মধ্যেই সম্পূর্ণ হবে বলে তিনি আশ্বস্ত করেন। এছাড়াও ময়মনসিংহ-নেত্রকোনা সড়কে অতিরিক্ত বালু বোঝাই ট্রাক নিয়ন্ত্রনে পদক্ষেপ নেওয়ার জন্য সড়ক বিভাগ ও জেলা প্রশাসনকে দায়িত্ব দেওয়া হয়।

ময়মনসিংহ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান, ময়মনসিংহ নান্দাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবকাঠামো অনেক পুরনো হয়ে যাওয়ায় ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। বর্তমান কাজকে সচল রাখার জন্য গণপূর্ত বিভাগের সাথে আলোচনা চলছে। এছাড়াও ক্ষতিগ্রস্ত ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক এর ভৌত অবকাঠামো দ্রুততর সময়ে সংস্কার করা হবে।

ময়মনসিংহ গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জানান, দ্রুততম সময়ে ময়মনসিংহ বিভাগীয় সদর দপ্তর স্থাপন প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া খালিয়াজুরী ফায়ার স্টেশনের সাথে সংযোগ সড়ক নির্মাণের জন্য পূর্ত কাজের প্রাক্কলন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। চলমান সকল প্রকল্প মানসম্মতভাবে যথাসময়ে সম্পন্ন করতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

আসন্ন রমজান মৌশুমে ভালুকা ত্রিশাল অঞ্চলের পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে ময়মনসিংহ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জনপ্রতিনিধি জানান, গার্মেন্ট সেक्टरে ন্যূনতম মজুরি কাঠামো চালু হলেও স্পিনিং কারখানায় মজুরি কাঠামো চালু হয়নি। এতে স্পিনিং কারখানার শ্রমিকদের মধ্যে অসন্তোষ বিরাজমান। রমজানকে সামনে রেখে যাতে কোন ধরনের অপ্রীতিকর পরিবেশ সৃষ্টি না হয় এবং অপ্রীতিকর পরিস্থিতি প্রতিরোধ করার জন্য পুলিশ প্রশাসন ও জেলা প্রশাসনের প্রতি অনুরোধ জানান হয় সভা থেকে। পাশাপাশি মজুরি কাঠামো চালুর বিষয়ে মজুরী বোর্ডের সাথে যোগাযোগ করার অনুরোধ করা হয়।

ময়মনসিংহ বিভাগীয় প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক জানান, জাতীয় হাউজহোল্ড লাইভস্টক সার্ভে-২০২৪ আগামী ১১ই মার্চ পর্যন্ত চলবে। সার্ভে কাজে সকলের সহযোগিতা চান তিনি। নির্দেশনা মোতাবেক অত্র বিভাগের পিপিআর টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে জানান তিনি।

অনুষ্ঠিত সমন্বয় সভায় বিভাগীয় কমিশনার সকল দপ্তর প্রধানের উদ্দেশ্ বলেন, যেহেতু আমাকে বিভিন্ন বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ে জবাবদিহিতা করতে হয়, তাই বিভাগীয় দপ্তরগুলোকেও জবাবদিহি করতে হবে। উন্নয়ন কাজের ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হলে তা আমাদের সকলের সমন্বয়ে সমাধান করতে হবে।

সভায় আরো উপস্থিত ছিলেন ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুরের জেলা প্রশাসকবৃন্দ, বিভাগীয় সকল দপ্তর প্রধানগণ, সিটি কর্পোরেশনের প্রতিনিধি এবং ইলেকট্রনিক মিডিয়া ও গণমাধ্যমের কর্মীগণ।

#

রেজভী /মনির /দেওয়ান/রিদওয়ান/ হদা / ২০২৪/১৬:০০ ঘন্টা